

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার কার্যালয়  
যুব উন্নয়ন অধিদপ্তর  
নাচোল, চাঁপাইনবাবগঞ্জ।  
**(Citizen's Charter)**

প্রদেয় সেবা	সেবা গ্রহীতা	সেবা প্রাপ্তির জন্য করণীয়	কার্য সম্পাদনের সময়সীমা	মন্তব্য
<b>ক) অ-প্রাতিষ্ঠানিক প্রশিক্ষণ:-</b> বিভিন্ন ট্রেড ভিত্তিক স্বল্প মেয়াদী (৭দিন / ১৪দিন/ ২১দিন) <b>ভ্রাম্যমান প্রশিক্ষণ:-</b> (মৎস্য চাষ, গাভী পালন, ছাগল পালন, গরু মোটাতাজাকরণ, নার্সারী, ব্রয়লার পালন, লেয়ার পালনসহ স্থানীয় চাহিদা ভিত্তিক বিভিন্ন ট্রেড)।	কমপক্ষে ৮ম শ্রেণী উত্তীর্ণ ১৮ হতে ৩৫ বৎসর বয়সী বেকার যুবক ও যুবমহিলা।	উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা বরাবরে আবেদন করতে হবে। আবেদন পত্রের সাথে সংযুক্ত করতে হবে :- * স্ব-হস্তে পূরণকৃত নির্দিষ্ট আবেদন পত্র- ১কপি * পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি- ২কপি * জাতীয় পরিচয় পত্রের ফটোকপি- ১কপি অথবা : নাগরিকত্ব সনদপত্র- ১কপি ও জন্ম নিবন্ধন সনদের ফটোকপি- ১কপি * শিক্ষাগত যোগ্যতার সনদপত্র- ১কপি * বেকারত্ব সনদপত্র- ১কপি	ব্যাচ প্রতি কমপক্ষে ৩০ টি আবেদন এবং বাজেট প্রাপ্তি স্বাপেক্ষে ৭/১৪/২১ দিন।	প্রশিক্ষণার্থীগণ সরকারী বিধি মোতাবেক প্রশিক্ষণ ভাতা প্রাপ্য হবেন।
<b>খ) প্রাতিষ্ঠানিক প্রশিক্ষণ:-</b> বিভিন্ন ট্রেড ভিত্তিক দীর্ঘ মেয়াদী (১মাস / ৩মাস/ ৬মাস) <b>প্রাতিষ্ঠানিক প্রশিক্ষণ:-</b> * কম্পিউটার বেসিক কোর্স।	কমপক্ষে এইচ,এস,সি উত্তীর্ণ ১৮ হতে ৩৫ বৎসর বয়সী বেকার যুবক ও যুবমহিলা।	উপ-পরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, চাঁপাইনবাবগঞ্জ বরাবরে উপরে উল্লিখিত নিয়মে আবেদন পত্র জমা দিতে হবে।	জানুয়ারী হতে জুন এবং জুলাই হতে ডিসেম্বর।	কোর্স ফি ১,০০০/-
* মার্ভার্ড অফিস ম্যানেজমেন্ট এন্ড কম্পিউটার এ্যাপ্লিকেশন।	ঐ	ঐ	ঐ	কোর্স ফি ৫০০/-
* ইলেকট্রনিক্স।	কমপক্ষে এস,এস,সি পাশ। ১৮ হতে ৩৫ বৎসর বয়সী বেকার যুবক ও যুবমহিলা।	ঐ	ঐ	কোর্স ফি ৩০০/-
* রেফ্রিজারেশন এন্ড এয়ারকন্ডিশনিং।	ঐ	ঐ	ঐ	কোর্স ফি ৩০০/-
* ইলেকট্রিক্যাল এন্ড হাউজ ওয়্যারিং।	কমপক্ষে ৮ম শ্রেণী উত্তীর্ণ ১৮ হতে ৩৫ বৎসর বয়সী বেকার যুবক ও যুবমহিলা।	ঐ	ঐ	কোর্স ফি ৩০০/-
* পোষাক তৈরী (শুধু মাত্র মহিলা)।	ঐ	ঐ	ঐ	কোর্স ফি ৫০/-
* মৎস্য চাষ।	ঐ	ঐ	বিজ্ঞপ্তী মোতাবেক।	কোর্স ফি ১০০/-
* মোটর ডাইভিং প্রশিক্ষণ	কমপক্ষে ৮ম শ্রেণী উত্তীর্ণ ২১ হতে ৩৫ বৎসর বয়সী বেকার যুবক।	ঐ	বিজ্ঞপ্তী মোতাবেক।	প্রশিক্ষণার্থীগণ সরকারী বিধি মোতাবেক প্রশিক্ষণ ভাতা প্রাপ্য হবেন।
* গবাদিপশু, হাঁস মুরগী পালন, উহাদের প্রাথমিক চিকিৎসা, মৎস্য চাষ ও কৃষি বিষয়ক প্রশিক্ষণ।	ঐ	উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা বরাবরে উপরে উল্লিখিত নিয়মে আবেদন পত্র জমা দিতে হবে।	বিজ্ঞপ্তী মোতাবেক।	কোর্স ফি ১০০/-
<b>গ) যুব ঋণ কার্যক্রম:-</b> অ-প্রাতিষ্ঠানিক ও প্রাতিষ্ঠানিক।	সংশ্লিষ্ট উপজেলার প্রশিক্ষণপ্রাপ্ত যুবক ও যুবমহিলা। (প্রশিক্ষণ ট্রেড সংশ্লিষ্ট প্রকল্প গ্রহণ করতে হবে যার ২০% নিজস্ব অর্থায়নে হতে হবে। প্রশিক্ষণ গ্রহণের ৩ বছরের মধ্যে আবেদন করতে হবে)।	প্রশিক্ষণ সংশ্লিষ্ট ট্রেডে প্রকল্প গ্রহণ পূর্বক তা-সম্প্রসারণের জন্য প্রয়োজনীয় কাগজ-পত্রসহ উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা বরাবরে আবেদন করতে হবে।	ঋণের জন্য পূর্ণাঙ্গ আবেদন দাখিলের তারিখ হতে সর্বোচ্চ ৩০ দিন।	ঋণ সীমা ১০০,০০০/- হতে ১৫০,০০০/- টাকা ও ১৫০,০০০/- হতে ২০০,০০০/- টাকা পর্যন্ত, এবং ঋণের মেয়াদ ০২(দুই) বছর/ ০৩(তিন) বছর।
<b>ঘ) অনুদান:-</b> * যুব সংগঠন/ক্লাব/সমিতিতে প্রকল্প ভিত্তিক অনুদান।	যুব উন্নয়ন অধিদপ্তর, সমাজসেবা, মহিলা বিষয়ক ও সমবায় অধিদপ্তর কর্তৃক নিবন্ধনকৃত যুব সংগঠন/ক্লাব/ সমিতি।	যুব সংগঠন/ক্লাব/সমিতি কর্তৃক প্রস্তাবিত আত্মকর্মসংস্থান মূলক প্রকল্পের ১০% অর্থ নিজস্ব তহবিল থেকে বহন করতে হবে। যুব ও ক্রীড়ামন্ত্রণালয় কর্তৃক প্রতি বছর জারীকৃত বিজ্ঞপ্তিতে উল্লিখিত শর্তসমূহ পূরণ করতে হবে	বছর ভিত্তিক যুব ও ক্রীড়া মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত সময়সীমা।	অনুদানের সীমা ৪০,০০০/- হতে ৫০,০০০/-টাকা পর্যন্ত।